

## **া** সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১১৪২

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৪৮. ঈদের সালাতের খুত্ববাহ

# باب الْخُطْبَةِ يَوْمَ الْعِيدِ

#### আরবী

حَدَّثَنَا حَفْصُ بْنُ عُمَرَ، حَدَّثَنَا شُعْبَةُ، ح وَحَدَّثَنَا ابْنُ كَثِيرٍ، أَخْبَرَنَا شُعْبَةُ، عَنْ أَيُّوبَ، عَنْ عَطَاءٍ، قَالَ أَشْهَدُ عَلَى ابْنِ عَبَّاسٍ وَشَهِدَ ابْنُ عَبَّاسٍ عَلَى رَسُولِ اللهِ صلى الله عليه وسلم أَنَّهُ خَرَجَ يَوْمَ فِطْرٍ فَصلَلَى ثُمَّ خَطَبَ ثُمَّ أَتَى النِّسَاءَ وَمَعَهُ بِلَالٌ . قَالَ ابْنُ كَثِيرٍ أَكْبَرُ عِلْم شُعْبَةَ فَأَمَرَهُنَّ بِالصَّدَقَةِ فَجَعَلْنَ يُلْقِينَ .

\_ صحیح : ق

#### বাংলা

১১৪২। 'আত্বা (রহঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি ইবনু 'আব্বাস (রাঃ) সম্পর্কে সাক্ষ্য দিচ্ছি আর ইবনু 'আব্বাস (রাঃ) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সম্পর্কে সাক্ষ্য দেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঈদুল ফিত্বরের দিন রওয়ানা হয়ে সালাত আদায়ের পর খুত্ববাহ দিলেন। অতঃপর নারীদের নিকট গেলেন। তাঁর সাথে বিলাল (রাঃ) ছিলেন। ইবনু কাসীর বলেন, হাদীস বর্ণনাকারী শু'বাহর দৃঢ় ধারণা, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নারীদেরকে সাদাকা করতে আদেশ করলে তারা নিজেদের অলংকারাদী ছুড়ে দিতে লাগলেন।[1]

সহীহ : বুখারী ও মুসলিম।

## **English**

#### Narrated Abdullah ibn Abbas:

The Messenger of Allah (ﷺ) came out on 'Id (the festival day). He first offered the prayer and then delivered the sermon . He then went to women,



taking Bilal with him. The narrator Ibn Kathir said: The probable opinion of Shu'bah is that he commanded them to give alms. So they began to put (their jewellery).

### ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : দুই ঈদ, অনুঃ ঈদগাহে চি□হ্ন রাখা, হাঃ ৯৭৭), মুসলিম (অধ্যায় : দুই ঈদ), নাসায়ী (অধ্যায় : দুই ঈদ, হাঃ ১৫৬৮), ইবনু মাজাহ (অধ্যায় : সালাত কায়িম, অনুঃ দুই ঈদের সালাত, হাঃ ১২৭৩), আহমাদ (১/২২০) প্রত্যেকে ইবনু 'আব্বাস হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আতা ইবনু আবী রাবাহ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন